গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)
১৫৩, পাইওনিয়ার রোড, সেগুনবাগিচা, ঢাকা-১০০০
www.bomd.gov.bd

বিদ্যুৎ ও জ্বালানি নিরাপত্তা সর্বোচ্চ অগ্রাধিকার

**খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি)-এর ২০২৩-২৪ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মপরিকল্পনা, ২০২৩-২৪ এর [১.২] নং কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে অংশীজনদের (Stakeholder) অংশগ্রহণে আয়োজিত দ্বিতীয় অবহিতকরণ সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ আঃ খালেক মল্লিক<br>মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব) |
| সভার তারিখ | ১৯ ডিসেম্বর, ২০২৩ |
| সভার সময় | সকাল ১০.০০ টা |
| স্থান | ভার্চুয়াল (জুম) প্লাটফর্ম |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বলেন, বিএমডির গুরুত্বপূর্ণ অংশীজন হলো লোকাল প্রশাসন, জনপ্রতিনিধিগণ, ইজারাদার যারা বিএমডির নিকট খনিজ অনুসন্ধানের লক্ষ্যে অনুসন্ধান লাইসেন্স, খনি খননের লক্ষ্যে খনি ইজারা অর্থাৎ বিএমডি যে সেবা প্রদান করে তা তারা সঠিকভাবে পাচ্ছে কিনা, তাদের কোন অভিযোগ আছে কিনা এবং আরও কি করলে সেবাটা উন্নত করা যায় মূলত সে উদ্দেশ্যেই সুশাসন প্রতিষ্ঠার টুলসগুলো নিয়ে আজকের আলোচনা। এ সভায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, পেট্রোবাংলা, বিপিআই, জিএসবি, হাইড্রোকার্বন ইউনিট এর প্রতিনিধি খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো'র সেবা সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের প্রতিনিধি, বিসিএমসিএল, এমজিএমসিএল প্রতিনিধি, এভারলাস্ট মিনারেলস লিমিটেডসহ বিএমডির সাদামাটি ও সিলিকাবালু কোয়ারি ইজারাদারগণ সংযুক্ত ছিলেন।

২.০ সভাপতির অনুমতিক্রমে সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক ফোকাল পয়েন্ট কর্মকর্তা সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ এর দ্বিতীয় কোয়ার্টারের অগ্রগতি সম্পর্কে আলোকপাত করেন। নাগরিক সেবার সাথে বিএমডি সরাসরি সংযুক্ত থাকায় বিএমডির সেবা প্রদান প্রতিশ্রুতির বিভিন্ন নাগরিক সেবা যেমন- তেল ও গ্যাস ব্যতীত অন্যান্য খনিজের অনুসন্ধান লাইসেন্স প্রদান, খনি ইজারা, কোয়ারি ইজারা ইত্যাদি সেবার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন। এছাড়াও বিএমডির প্রাতিষ্ঠানিক সেবা সম্পর্কেও তিনি সভায় উপস্থিত অংশীজনদের অবহিত করেন। বিস্তারিত আলোচনা শেষে অংশীজনদের মতামত জানতে চাওয়া হলে বড়পুকুরিয়া কোল মাইনিং কো.লি. এর একজন প্রতিনিধি হাকিমপুর উপজেলার আলীহাট লৌহ খনির লাইসেন্সের মেয়াদ বৃদ্ধির বিষয়ে জানতে চাইলে বিএমডির পরিচালক মহোদয় জানান, এ ব্যাপারে জেলা প্রশাসক, দিনাজপুর বরাবর পত্র প্রেরণ করা হয়েছে। এ প্রেক্ষিতে জেলা প্রশাসন, দিনাজপুর এর পক্ষ থেকে জানানো হয়, তাদের দপ্তর হতে এ সংক্রান্ত মতামত/ সুপারিশ প্রেরণের ব্যবস্থা নেয়া হয়েছে। এরপর বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লিমিটিড-এর একজন প্রতিনিধি জানান তাদের দুর্গাপুর, নেত্রকোনায় একটি কোয়ারি চালু আছে বাকি সবগুলো কোয়ারি চালু করার কোন উপায় আছে কিনা জানতে চাইলে বিএমডির পরিচালক জানান আদালতে এটা নিয়ে মামলা চলমান থাকায় আপাতত ইজারা কার্যক্রম বন্ধ রয়েছে। তবে এই বিষয়টি খতিয়ে দেখার ব্যাপারে সভাপতি মহোদয় আশ্বাস প্রদান করেন।

৩.০ বিএমডির সহকারী পরিচালক (ভূ-রসায়ন) বলেন, মৌলভীবাজারের ৫২ টি সিলিকাবালু কোয়ারির মধ্যে ৬ টি কোয়ারির পরিবেশগত ছাড়পত্র পাওয়ার পর জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদন সাপেক্ষে ইজারা প্রদান করা হয়েছে। ৩৯ টি কোয়ারির ক্ষেত্রে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র না পাওয়ায় ইজারা কার্যক্রম শুরু করা যায়নি। তবে বর্তমানে আবার নতুন করে এই ৩৯ টি কোয়ারি ইজারার জন্য দরপত্র আহ্বানের বিষয়ে জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অনুমোদনের জন্য পত্র প্রেরণ করা হলে উক্ত বিভাগ ইজারা প্রদানের লক্ষ্যে দরপত্র আহ্বানের জন্য সম্মতি জ্ঞাপন করে। তবে, যেহেতু ব্যক্তিগতভাবে যথাসময়ে পরিবেশগত ছাড়পত্র গ্রহণপূর্বক ইজারা কার্যক্রম প্রায়শঃই সম্পন্ন হয়না বিধায় বিএমডি প্রাতিষ্ঠানিকভাবে পরিবেশগত ছাড়পত্র গ্রহণের বিষয়টি নিশ্চিত করবে মর্মে নির্দেশনা রয়েছে। সভাপতি মহোদয় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা মোতাবেক কার্যক্রম শুরু করার জন্য

সংশ্লিষ্ট কর্মকর্তাকে নির্দেশনা প্রদান করেন। মৌলভীবাজারের ০১ জন সিলিকাবালু কোয়ারি ইজারাদার জনাব রাসেল মিয়া জানান, মৌলভীবাজারের কোয়ারিসমূহ হতে সিলিকাবালু উত্তোলন করা হচ্ছে। এ বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ জানান। সভাপতি মহোদয় অবৈধভাবে সিলিকাবালু উত্তোলন বন্ধে যথাযথ ব্যবস্থা গ্রহণের বিষয়ে তাকে আশ্বস্ত করেন।


৩.০ সভায় বিস্তারিত আলোচনা শেষে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয় :

১. পরিবেশগত ছাড়পত্র গ্রহণের লক্ষ্যে Environmental Impact Assesement (EIA) করার জন্য মধ্যমেয়াদী বাজেটের ২০২৪-২৫ অর্থবছরে বরাদ্দ রাখতে হবে।

২. মামলা সংক্রান্ত কারণে নেত্রকোনার দূর্গাপূর অঞ্চলের সাদামাটি কোয়ারি চালু করার ব্যাপারে সম্ভাব্য পদক্ষেপ নিতে হবে।

৩. সেবা প্রদান প্রতিশ্রুতি নিয়মিত হালনাগাদ করতে হবে এবং এ সংক্রান্ত কর্মপরিকল্পনা ২০২৩-২৪ যথাযথ বাস্তবায়ন করতে হবে।

৪.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।



০২-০১-২০২৪
মোঃ আঃ খালেক মল্লিক
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
+৮৮০২৮৩৯১৫৬৭ (ফোন)
+৮৮০২-৯৩৩৪২১৫ (ফ্যাক্স)
dg@bomd.gov.bd

তারিখ: ১৮ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ / ০২ জানুয়ারি ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৭.০০০০.০০৪.৩৫.০০১.০২.৩৭

অনুলিপি: সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়) :

১। সচিব, সচিবের দপ্তর, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
২। চেয়ারম্যান, চেয়ারম্যান-এর দপ্তর, বাংলাদেশ তেল, গ্যাস ও খনিজসম্পদ কর্পোরেশন (পেট্রোবাংলা);
৩। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর , বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর;
৪। মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), মহাপরিচালকের দপ্তর, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট;
৫। মহাপরিচালক (যুগ্মসচিব), মহাপরিচালকের দপ্তর, হাইড্রোকার্বন ইউনিট ;
৬। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয় , হবিগঞ্জ;
৭। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট;
৮। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, মৌলভীবাজার;
৯। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ;
১০। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ;
১১। জেলা প্রশাসক, জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর;
১২। উপসচিব, প্রশাসন-১ অধিশাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৩। উপসচিব, অপারেশন-৩ শাখা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ;
১৪। ব্যবস্থাপনা পরিচালক (চলতি দায়িত্ব), ব্যবস্থাপনা পরিচালক এর দপ্তর, বড়পুকুরিয়া কোল মাইনিং কোম্পানী লিমিটেড (বিসিএমসিএল);
১৫। ব্যবস্থাপনা পরিচালক, ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, মধ্যপাড়া গ্রানাইট মাইনিং কোম্পানী লিমিটেড;
১৬। জেনারেল ম্যানেজার, এভারলাস্ট মিনারেল্স লিমিটেড;
১৭। জনাব মোঃ মিজানুর রহমান/জনাব মোঃ শফিকুল ইসলাম/জনাব মোঃ সেলিম আহমেদ/জনাব মোঃ সালেক মিয়া/জনাব মোঃ পারভেজ হোসেন, সিলিকাবালু কোয়ারি ইজারাদার, হবিগঞ্জ, সিলেট;
১৮। প্রোপাইটর জনাব মো: গোলাম কিবরিয়া, বাংলাদেশ এগ্রো সিরামিক কোম্পানি লি. এবং

১৯। সংশ্লিষ্ট নথি/অফিস কপি।

০২-০১-২০২৪
মোসাঃ মাহবুবা খাতুন
সহকারী পরিচালক (ভূতত্ত্ব)